গাংনীতে জামিনে মুক্তি পেয়ে মারধরের অভিযোগ

মেহেরপুরের গাংনীর সাহারবাটি গ্রামে জুয়েল ও বেনজির হোসেন নামের দুজনকে মারধরের অভিযোগ উঠেছে। সোমবার বিকালে সাহারবাটি চারচারা বাজারে তাদের মারধর করা হয়।

এ ঘটনায় দু’পক্ষের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়লে গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমানের নেতৃত্বে বিপুল সংখ্যক পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

রবিউল ইসলামের ছেলে জুয়েল জানান, সম্প্রতি আমাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে সমসের আলী, রফি, বাবুর আলী সহ তাদের সহযোগিরা।

এ ঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়। মামলায় আসামীরা জামিনে মুক্তি পেয়ে সোমবার সন্ধ্যায় টুটুলের নেতৃত্বে দুলাল সহ পূর্বের মামলার এজাহার নামীয় ৩ জন আসামী আর্তকিত হামলা করে আহত করে।

এ বিষয়ে কথা বলতে চাইলে টুটুলের মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, উত্তেজনার খবর পেয়ে পুলিশ মোতায়েন করা হয়। বর্তমানে পরিস্থিত নিয়ন্ত্রণে রয়েছে। মারধরের ঘটনায় এখন পর্যন্ত কেউ এজাহার দায়ের করেনি।

মেহেরপুরে প্রবাসীর মৃত্যু – এলাকায় করোনা আতঙ্ক

মেহেরপুর সদর উপজেলার দিঘিরপাড়ায় মঙ্গল হোসেন (৪৯) নামের এক মালয়েশিয়া ফেরত ব্যক্তি হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন।

[illegible] [illegible] [illegible] [

কোয়ারেন্টিন প্রস্তুতের কাজ চলছে

সময় গড়ানোর সাথে সাথে করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় কঠোর পদক্ষেপের দিকে যাচ্ছে মেহেরপুরের প্রশাসন, পুলিশ ও স্বাস্থ্য বিভাগ। জনসচেতনা সৃষ্টির পাশাপাশি উদ্বুদ্ধ পরিস্থিতি মোকাবেলায় চলছে নানা প্রস্তুতি। জেলা পর্যায়ে ২০০ বেডের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন ও উপজেলা পর্যায়ে ১০০ বেডের কোয়ারেন্টিন প্রস্তুত করার কাজ চলছে।

সোমবার মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে সভায় বক্তব্য দেন পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম, কর্মকর্তাসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ অংশ গ্রহণ করেন।

সভার সিদ্ধান্ত অনুযায়ী জেলা প্রশাসক জানান, মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের ভবনগুলোকে ২০০ জন কোয়ারেন্টিন করা যায় এমন ব্যবস্থা করা হচ্ছে। অপরদিকে গাংনী উপজেলার জন্য চৌগাছা ও বাঁশবাড়ীয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং মুজিবনগর উপজেলার জন্য মুজিবনগর আদর্শ মহিলা কলেজে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন প্রস্তুত করা হচ্ছে। উপজেলা পর্যায়ের প্রতিষ্ঠান ভিত্তিকে ১০০ জনকে রাখার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

এছাড়াও মেহেরপুর জেনারেল হাসপাতালের আইসোলেন ইউনিট ৫ বেড থেকে বাড়িয়ে ১৫ বেড করা হয়েছে। অপরদিকে গাংনী ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫টি করে বেড সম্বলিত আইসোলেশন ইউনিট প্রস্তুত করা হয়েছে। এ ছাড়াও হাসপাতালগুলোর অ্যাম্বুলেন্স ছাড়াও জরুরী প্রয়োজনে মেহেরপুর পৌরসভার ও ফায়ার সার্ভিসের দুটি অ্যাম্বুলেন্স ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এদিকে জনসমাগম কমানোর জন্য ইতোমধ্যে প্রশাসন নানামুখি ব্যবস্থা গ্রহণ করেছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের পাশাপাশি হাট বাজার ও চায়ের দোকানগুলোতে সমাগত বন্ধ করতে কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে

প্রশাসন ও পুলিশ বিভাগ। গতকাল রোববার থেকে চায়ের দোকানের তাস, ক্যারামবোর্ড ও টিভি দেখা বন্ধ করে দেয়া হয়েছে। জরুরী প্রয়োজন ছাড়া বাড়িতে থাকা ও অন্যান্য করণীয় সম্পর্কে প্রচারণা চালাচ্ছে প্রশাসন, স্বাস্থ্য বিভাগ ও পুলিশের বিভিন্ন ইউনিট। অপরদিকে বন্ধ ঘোষণা করা হয়েছে জেলার সকল পশু হাট।

জানতে চাইলে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম বলেন, হোম কোয়ারেন্টাইনের বাইরে যদি প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন প্রয়োজন হয় সেজন্য আগে থেকে আমরা প্রস্তুতি সম্পন্ন করছি। এখনো পর্যন্ত জেলায় কেউ করোনা আক্রান্ত হয়নি। এমন পরিস্থিতির মধ্যে যেন আমাদের না পড়তে হয় সেজন্য নানামুখি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এখন প্রয়োজন শুধু সব সধরনের মানুষের সতর্ক ব্যবস্থাপনা। অপরিদকে করোনা ভাইরাস প্রতিরোধ ও চিকিৎসা প্রদানের জন্য সব রকম ব্যবস্থাপনা সম্পন্ন করা হয়েছে বলেও জানান তিনি।

এদিকে মেহেরপুর জেলায় বর্তমানে ২৫৯ জনকে হোম কোয়ারেন্টিনে রাখা হয়েছে বলে দুপুরে সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন জানান।

মেহেরপুর গাংনীর বামুন্দি বাজারে পৃথক তিনটি দোকানে ভ্যাম্যমান আদালতের জরিমানা,পশু হাট বন্ধের ঘোষনা

গাংনীর বামুন্দি বাজারের পৃথক তিনটি দোকানে অভিযান চালিয়ে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত। সোমবার বেলা ১২ টার সময় নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

এসময় বামুন্দি বাজারের নিউ ফ্যাশান কসমেটিক্স দোকানে ভেজাল কসমেটিক্স রাখার অপরাধে দোকান মলিক মাসুম বিল্লাহকে দশ হাজার

টাকা, তামিম ফার্মের্সীতে মেয়াদ উত্তীর্ণ ওষুধ রাখার অপরাধে ফার্মেসী মালিক বেনজির আহাম্মেদকে দুই হাজার টাকা ও ফ্রীজে জন্ম দিনের কেক ও তারিখ বিহীন আইসক্রিম রাখার অপরাধে সুজন ফুড এন্ড ফল ভান্ডার মালিক সুজনকে এক হাজার টাকা জরিমানা করা হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ লঙ্ঘনের অপরাধে তাদের জরিমানা করেন ভ্রাম্যমান আদালত।

একই সাথে বামুন্দি বাজারের পশু হাট বন্ধের নির্দেশনা দিয়েছেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। তিনি জানান, করোনা ভাইরাস পতিরোধ ও সংকট কালিন সময়ে জনস্বার্থে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বামুন্দি পশু হাট বন্ধ থাকবে। তিনি আরো বলেন, সরকারি নির্দেশনা মোতাবেক সিদ্ধান্ত বাস্তবায়ন করেছেন। সংকট কাটলে পশু হাটের কার্যক্রম চালানোর নির্দেশনা দেয়া হবে।

এসময় ভোক্তা অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহাম্মেদ,স্য্যানিটারি ইনস্পেক্টর মোঃ তাজিমুল হক,জেলা মার্কেটিং অফিসার জিব্রাইল হোসেন,পুলিশের এসআই মাজেদুল ইসলাম,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নাজির আবু হানজালা,সহকারি জাহাঙ্গীর আলম উপস্থিত ছিলেন। ঘন্টাব্যাপী অভিযানের পর বামুন্দি বাজারের চাউলের দোকানে ও কাচা মাল ব্যাবসায়ীকে বেশি দামে পন্য বিক্রি করতে নিষেধ করা হয়।

গাংনীতে গৃহবধুকে যৌন নির্যাতনের অভিযোগে মামলা

মেহেপুরের গাংনীতে এক গৃহবধুকে জোর পুর্বক যৌন নির্যাতনের অভিযাগে মামলা দায়ের করা হয়েছে। নির্যাতিতা ঐ গৃহবধু বাদী হয়ে গাংনী থানায় মামলাটি দায়ের করেন। ঘটনাটি রবিবার রাতে উপজেলার বামুন্দী ইউপির রামনগর গ্রামের এঘটনা ঘটে।

নির্যাতি তাও তার পরিবার জানান, বাড়ির পার্শে একটি পরিত্যাক্ত গোয়াল ঘরে ডেকে নিয়ে রামনগর গ্রামের রেজাউল হকের ছেলে রানা জোর পূর্বক যৌন নির্যাতন করে। এঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের

করেছি।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, আসামী রানা পলাতক রয়েছে। তাকে গ্রেফতারে অভিযান চলছে। নির্যাতিতা গৃহবধুর ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হবে।

গাংনীতে তিন কেজি গাঁজাসহ দুই মাদক পাচারকারী আটক

মেহেরপুরের গাংনীতে ৩কেজি গাঁজাসহ দুমাদক পাচারকারীকে আটক করা হয়েছে। সোমবার সকাল ৭টায় উপজেলার ধান খোলা ইউনিয়নের কসবা গ্রাম থেকে তাদের আটক করে স্থানীয় লোকজন।

আটক কৃতরা হলেন, গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের পীরতলা গ্রামের খাদেমুল ও নাজমুল হক। কসবা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই সাহাবুদ্দীন আহমেদ জানান, মাদক পাচার কারীরা একটি ব্যাগ নিয়ে কসবা গ্রামের উপর দিয়ে মটর সাইকেল যোগে চুয়াডাঙ্গা দিকে যাওয়ার পথে স্থানীয় লোজ কনের সন্দেহ হলে তাদের আটক করে। পরে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের একটি টিম তাদের নিয়ে যায়।

মেহেরপুর ডিবি পুলিশের ওসি মো: রবিউল ইসলাম জানান, অভিযান চলমান রয়েছে বিস্তারিত দিতে সময় লাগবে। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন।

গাংনীতে জমিজমা সংক্রান্ত

বিরোধের জেরে সংঘর্ষ, আহত৫

মেহেরপুরের গাংনীতে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে সংঘর্ষে উভয় পক্ষের ৫জন আহত হয়েছে।

সোমবার কাল ১০ টায় উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামে এ সংঘষে ঘটনা ঘটে। গাড়াবাড়িয়া গ্রামের বিলাত আলীর ছেলে হবিবার রহমার জানান, তাদের ৪শতক জমির উপর সিমানা প্রাচীর দেওয়ার সময় একই গ্রামের ইসমাইল হোসেনের নেতৃত্বেতার সহযোগীরা ঘটনা স্থলে এসে কাজে বাধা দেয়। বাকবি তন্ডার এক পর্যায় তারা আমাদের উপর হামলা করে। হামলায় তিনিসহ তার স্ত্রী বুলুয়ারা, বোন কুরছিয়া, ছেলেটি পুসুল তান আহত হন।

এদিকে ইসমাইল হোসেন জানান, বিরোধ পূর্নজমি নিয়ে আদালতে মামলা চলমান থাকলেও জোরপূর্বক সিমানা প্রাচীর দিচ্ছিল। বাধা দিতে গেলে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে তার পক্ষের হাফিজুল ইসলাম নামের একজন আহত হয়। গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান সংঘর্ষেও খবর পেয়ে পুলিশ পাঠানো হয়। উভয় পক্ষ থানায় থানায় অভিযোগ দায়ের করেছে পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত ইমরুল কায়েসের বাবা

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের ওপেনার ইমরুল কায়েসের বাবা বানি আমিন বিশ্বাস (৬০) সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন। স্থানীয়রা তাকে আহতাবস্থায় উদ্ধার করে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। পরে সেখান থেকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেছেন চিকিৎসক। তার একটি পা ভেঙে গেছে ও কানে আঘাত পেয়েছেন বলে জানায় চিকিৎসকরা।

সোমবার (২৩ মার্চ) বেলা ১০ টার দিকে মেহেরপুর-কাথুলি সড়কের ছহিউদ্দীন ডিগ্রি কলেজের সামনে এ দুর্ঘটনা ঘটে।

সদর থানার ওসি শাহ দারা খান জানান, বানি আমিন বিশ্বাস (৬০) মেহেরপুর সদর উপজেলার উজ্জলপুর গ্রামের নিজ বাড়ি থেকে মেহেরপুর আসার পথে ছহিউদ্দিন ডিগ্রি কলেজের পাশে একটি আলমসাধুর সাথে ধাক্কায় আহত হন।

এতে বানি আমিন বিশ্বাস গুরুতর আহত হলে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। দুর্ঘটনায় তার একটি পা ভেঙে যাওয়া সহ কানে আঘাত পেয়েছেন। উন্নত চিকিৎসার জন্য তাকে মেহেরপুর থেকে রেফার্ড করা হয়েছে।

মেপ্র/ইএম

মেহেরপুরের আমঝুপিতে করোনা ভাইরাস প্রতিরোধে আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সোমবার সকাল ১১টার দিকে আমঝুপি পরিষধের নিজস্ব হল রুমে চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে করোনা ভাইরাস প্রতিরোধে ইউনিয়ন কমিটি গঠন করা হয়। সভায় ইউনিয়ন পরিষদের উদ্যোগে মাইকিং, লিফলেট বিতরন ও পোষ্টারিং করা সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া রাত ৮.০০ ঘটিকা থেকে সকল দোকান বন্ধ করা। একের অধিক মানুষ এক সাথে না থাকা। দ্রব্য মুল্যের দাম বৃদ্ধি না করা। বিদেশ থেকে কোন মানুষ আসলে সঙ্গে সঙ্গে সরকারি উর্ধ্বতন কর্মকর্তাকে বা ইউনিয়ন পরিষদকে তাৎক্ষনিক জানানো।

কমিটির সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন আহমেদ চুন্নু, বীর মুক্তিযোদ্ধা আমঝুপি ইউনিয়ন পরিষদের সভাপতি মতিউর রহমান, ৮ নং ওয়ার্ডের মেম্বর আবুল কাশেম, ৯ নং ওয়ার্ডের মেম্বর মশিউর রহমান ডাবলু, ৬ নং ওয়ার্ডের মেম্বর আমিনদ্দীন, ৫ নং ওয়াার্ডের মেম্বর আলেকচাঁদ মল্লিক, ১ নং ওয়ার্ডের মেম্বর আনারুল ইসলাম, ৩ নং ওয়ার্ডের মেম্বর আক্তার হোসেন, মহিলা মেম্বর বুলবুলি খাতুন, মহিলা মেম্বর কুসুম, সিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক খালেদ হোসেন রুমি, আমঝুপি বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুলতানা পারভিন, প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, খলিলুর রহমান, সাংবাদিক মো: শহিদুল ইসলাম, সাংবাদিক, আকতারুজ্জামান প্রমুখ।

এছাড়া ইউনিয়ন পরিষদের সামনে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়।

গাংনীতে উপজেলা প্রশাসনের অভিযানে দু ব্যবসায়ীর অর্থদন্ড

মেহেরপুরর গাংনীতে বাজারমুল্য নিয়ন্ত্রণে রাখতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা অব্যাহত রেখেছে গাংনী উপজেলা প্রশাসন। চাউলের মুল্যবৃদ্ধি, মেয়াদউত্তীর্ণ খাবার সংরক্ষণ করার অপরাধে রবিবার বিকালে ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন।

অভিযানে উপজেলার হেমায়েতপুর বাজারে চাল ব্যাবসায়ীসহ দু’টি দোকান মলিককে ৫ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা করে অর্থদন্ড দেয়া হয়েছে। নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালতের আইনে দন্ডিতরা হলো- হেমায়েতপুর বাজারের টিটু স্টোরের মালিক চাউল ব্যাবসায়ী রাজিবুল হক এবং ভাই ভাই স্টোরের মালিক হামিদুল ইসলাম।

এসময় এক হোটেল ব্যবসায়ীকে নোংরা পরিবেশে খাবার না রাখার হুশিয়ারী দেয়া হয়েছে। একই সাথে উক্ত বাজারের সকল চায়ের দোকানে টিভি না রাখা এবং জন জমায়েত সৃষ্টি না করার নিদের্শ দেওয়া হয়েছে। এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যমুল্য বৃদ্ধি হলে প্রশাসনকে জানানোর জন্য বলা হয়েছে।

এমন অভিযোগ পেলে তাৎক্ষনিক ব্যাবস্থা নেয়ার কথা জানিয়েছেন নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।